

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট
৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।

নথি নং-৫(১৩)২৭৬/বন্ড ইউপি/পলিসি/২০০১/৯০৮৬(১-৬)

তারিখ : ০২.০৭.২০০৭

আদেশ

কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকার আওতাধীন বন্ড প্রতিষ্ঠানের (গার্মেন্টস ব্যতীত) ইন্টু বন্ড রেজিস্টার অনেকাংশেই যথাযথভাবে সংরক্ষণ করা হয় না এবং বন্ড কর্মকর্তাগণ ইন বন্ড করার সময় আমদানি সংক্রান্ত দলিলাদি বন্ড রেজিস্টার সংরক্ষণ/এন্ট্রি করেন না, যা করা উচিত। অনেক ক্ষেত্রে ইউপিতে যে জিএসএম কিংবা কাউন্টের কাঁচামালের উল্লেখ করা হয় তা আমদানি সংক্রান্ত দলিলাদিতে যাচাই করে পাওয়া যায় না। ফলে প্রতিষ্ঠানের নিকট থেকে আমদানি সংক্রান্ত তথ্য সংগ্রহ করে দাখিলকৃত ইউপি দুই কার্যদিবসের মধ্যে ইস্যু করা কঠিন হয়ে পড়ে। এক্ষেত্রে আমদানি সংক্রান্ত দলিলাদি বন্ড রেজিস্টারে যথাযথ সংরক্ষণ করা হলে এ বিষয়গুলো যাচাই করা সহজ হয়। তাছাড়া, কোন অনিয়ম পাওয়া গেলে অনিয়ম মামলার ক্ষেত্রে শুল্কায়ন করার সময় আমদানি সংক্রান্ত দলিলাদি থাকলে কালক্ষেপন হবে না। উল্লেখ্য, জিএসএম এর কম/বেমী হলে পণ্যের কনজামশনে পার্থক্য দেখা দিতে পারে। এছাড়াও কোন বন্ড অফিসার, সুপার বা সংশ্লিষ্ট সহকারী কমিশনার কিংবা অন্য কোন দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা-কর্মচারী প্রতিষ্ঠানে সরেজমিনে গমন করে কিংবা অন্য কোনভাবে অনিয়ম বা দাবীনামার উদ্ভব হলে ইউপি শাখাকে তা তাৎক্ষণিকভাবে অবহিত করা প্রয়োজন।

২। উল্লিখিত অসুবিধার কারণে এ দপ্তরের বন্ড সংক্রান্ত সকল ইম্পেট্টরগণকে এখন থেকে ইন বন্ড করার সময় আমদানি সংক্রান্ত দলিলাদি বন্ড রেজিস্টার সংরক্ষণ করা এবং অনিয়ম বা দাবীনামা সংক্রান্ত কোন তথ্য প্রাপ্তির সংগে সংগে সংশ্লিষ্ট সকলকে ইউপি শাখাকে অবহিত করার জন্য নির্দেশ প্রদান দেয়া হলো।

স্বাক্ষরিত/-
[হুসেনই আহমেদ]
কমিশনার (চলতি দায়িত্ব)